# যুদ্ধবিরতি চালিয়ে যেতে রাজি ওয়াশিংটন-তেহরান



ছবি: সংগৃহীত

যুক্তরাষ্ট্র ও ইরানের মধ্যে চলমান যুদ্ধবিরতি নির্ধারিত সময়ের পরও বহাল রাখার বিষয়ে দুই দেশ সম্মতি দিয়েছে বলে জানা গেছে। তবে নতুন করে কতদিন এই বিরতি কার্যকর থাকবে, সে বিষয়ে এখনো কোনো চূড়ান্ত সিদ্ধান্ত হয়নি।

পাকিস্তানের মধ্যস্থতার সঙ্গে সংশ্লিষ্ট একটি সূত্রের বরাতে বুধবার (১২ আগস্ট) এ তথ্য প্রকাশ করেছে তুরস্কের রাষ্ট্রীয় সংবাদ সংস্থা আনাদোলু।

সূত্রটি জানায়, যুদ্ধবিরতি অব্যাহত রাখার বিষয়ে উভয় পক্ষের ইতিবাচক অবস্থান রয়েছে। মেয়াদ নির্ধারণসহ পরবর্তী পদক্ষেপ নিয়ে যুক্তরাষ্ট্র ও ইরানের মধ্যে যোগাযোগ চলছে। বর্তমান ৬০ দিনের যুদ্ধবিরতি আগামী ১৭ আগস্ট শেষ হওয়ার কথা রয়েছে।

যুক্তরাষ্ট্র ও ইরানের মধ্যে উত্তেজনা কমাতে পাকিস্তানের উদ্যোগে গত এপ্রিল থেকে আলোচনা শুরু হয়। পরবর্তী সময়ে ১৭ জুন দুই পক্ষ একটি সমঝোতা স্মারকে স্বাক্ষর করে এবং স্থায়ী সমাধানের লক্ষ্যে আলোচনা এগিয়ে নেওয়ার উদ্যোগ নেয়।

LENS ASIA

তবে নিরাপত্তা নিশ্চয়তা এবং হরমুজ প্রণালিতে জাহাজ চলাচলের বিষয়টি নিয়ে দুই দেশের মধ্যে মতপার্থক্য দেখা দেয়। এর ফলে আলোচনা কাঙ্ক্ষিত গতিতে এগোয়নি।

এরই মধ্যে ৮ থেকে ২৪ জুলাই দুই দেশের মধ্যে নতুন করে সামরিক সংঘাত ছড়িয়ে পড়ে। যুক্তরাষ্ট্র ইরানের বিভিন্ন স্থাপনায় হামলা চালানোর পর তেহরানও মধ্যপ্রাচ্যের কয়েকটি দেশে থাকা মার্কিন সামরিক স্থাপনা লক্ষ্য করে পাল্টা হামলার দাবি করে।